

উন্নতমানের প্যাকেটে কেঁচো সার বাজারজাতকরনে সফলতা

জনাব মোঃ জয়নাল আবেদীন একজন কেঁচো সার উৎপাদক। এসইপি প্রকল্পের সহযোগিতায় কারিগরী জ্ঞান সম্প্রসারণ, উন্নতমানের প্যাকেজিং ও মার্কেট লিংকেজ এর কাজ করা হয়। তাঁর উৎপাদিত কেঁচো সার উন্নতমানের প্যাকেজিং এর মাধ্যমে বাজারজাত করায় দিন দিন চাহিদা বেড়েই চলেছে। বর্তমানে তিনি নিজের কেঁচো সারের সাথে আশেপাশের ছোট ছোট উদ্যোক্তাদের উৎপাদিত কেঁচো সার নিজের ব্র্যান্ডিং এর মাধ্যমে বিক্রয় করছেন। এর ফলে ক্ষুদ্র ক্ষুদ্র উদ্যোক্তাগণও প্রিমিয়াম মূল্য পাচ্ছেন। প্যাকেট এর গায়ে তাঁর ঠিকানা ও ফোন নাম্বার থাকায় সহজেই কৃষকগণ যোগাযোগ করে কেঁচো সার অর্ডার করছেন। বর্তমানে তিনি প্রতিমাসে ৪-৫ মেট্রিক টন কেঁচো সার উৎপাদন ও বিক্রয় করেন। এই পরিমাণ কেঁচো সার উৎপাদন করতে তাঁর প্রতিমাসে ৭-৮ মেট্রিক টন গোবর প্রয়োজন হয়। বর্তমানে তিনি একজন সফল কেঁচো সার উদ্যোক্তা।



উদ্যোক্তা মোঃ জয়নাল আবেদীন তাঁর উৎপাদিত কেঁচো সার প্যাকেটজাত করছেন।